

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
www.bandarban.gov.bd

স্মারক: ০৫.৪২.০৩০০.৪০৩.১২.০৩৫.২৩.৬৪৫

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩০
১৮ নভেম্বর ২০২৩

মনোনয়নপত্র অনলাইনে দাখিল সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

২। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ৩০০- বান্দরবান আসনে নির্বাচনের যোগ্য ব্যক্তি বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েব সাইট www.ecs.gov.bd এর নোটিশ বোর্ডে “অনলাইনে মনোনয়নপত্র দাখিল” টাবে ক্লিক করে অথবা নিম্নোক্ত QR কোড স্ক্যান করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৪টা পর্যন্ত মনোনয়নপত্র অনলাইনে দাখিল করতে পারবেন।

৩। অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূলকপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।



অনলাইনে মনোনয়ন
QR টি স্ক্যান করুন

শাহ মোজাহিদ উদ্দিন
জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
৩০০-বান্দরবান

স্মারক: ০৫.৪২.০৩০০.৪০৩.১২.০৩৫.২৩.৬৪৫

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩০
১৮ নভেম্বর ২০২৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
- ৪। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা
- ৫। জেলা নির্বাচন অফিসার, বান্দরবান পার্বত্য জেলা
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, (সকল),..... বান্দরবান পার্বত্য জেলা
- ৭। জেলা তথ্য অফিসার, বান্দরবান পার্বত্য জেলা (বহল প্রচারের জন্য)
- ৮। উপজেলা নির্বাচন অফিসার (সকল), বান্দরবান পার্বত্য জেলা
- ৯। সভাপতি, প্রেসক্লাব, বান্দরবান পার্বত্য জেলা (বহল প্রচারের জন্য)

শাহ মোজাহিদ উদ্দিন
জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
৩০০-বান্দরবান